

তারিখ : ২৩/০৭/২০১২খ্রিঃ।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, কাণ্ডাই।

[সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য]

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলে বিগত ২৭/০৬/২০১২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণীর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। বিভাগীয় কর্মকান্ডসহ বিভিন্ন বিষয়ের উপর মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ধারাবাহিক আলোচনা উপস্থাপন করা হয়।

বিভিন্ন বিভাগীয় কর্মকান্ডের উপর আলোচনা ও সিদ্ধান্ত :

১। উপজেলা স্বাস্থ্য বিভাগ :

আলোচনাঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে কর্মরত ডাক্তারের পদ সংখ্যা ০৭ টি, তন্মধ্যে শূন্যপদ ০৪ টি। এছাড়া এ্যাম্বুলেন্স ড্রাইভারের পদটি দীর্ঘদিন শূন্য থাকায় জরুরী প্রয়োজনে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাচ্ছেনা। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জুলাই'১২ মাসে বর্ধিত বিভাগে ২৫৪৬ জন এবং আন্ত বিভাগে ১২৭ জন রোগীর চিকিৎসা দেয়া হয়েছে। হাসপাতালে পর্যাপ্ত ওষুধ মওজুদ আছে।

সিদ্ধান্ত : জরুরী ভিত্তিতে এ্যাম্বুলেন্স ড্রাইভার পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র লিখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। হাসপাতালে অসুস্থ রোগীরা যাতে যথাযথ চিকিৎসাসেবা পায় সে দিকে লক্ষ্য রাখার অনুরোধ জানানো হয়।

২। উপজেলা প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলীকে সভায় জানান যে, চলতি ২০১২-১৩ অর্থ বছরের জন্য ইউনিয়ন ভিত্তিক নতুন প্রকল্প তালিকা প্রনয়ন পূর্বক দাখিল করার জন্য ইউ.পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। উপজেলা পরিষদের ভবন সমূহ মেরামতের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) অর্থায়নে উপজেলা পরিষদের ভবন সমূহ মেরামতের বিষয়ে মন্ত্রণালয়ে প্রকল্প প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ জানানো হয়।

৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

আলোচনাঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে ২০১১-২০১২ অর্থ বছরের সকল প্রকার প্রকল্পের কাজ ১০০% যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের (২১৫জনের) তালিকা সম্পন্ন করা হয়েছে। তাদেরকে পূর্ণবাসনের ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র দেয়া হয়েছে।

৪। উপজেলা কৃষি বিভাগ :

আলোচনাঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি আউশ মৌসুমে ১৫টি প্রদর্শনী প্রকল্পের কাজ চলছে। উপজেলায় সারের পর্যাপ্ত মওজুদ রয়েছে। এছাড়া ০৯ হতে ১২জুলাই'১২ পর্যন্ত ০৪ দিন ব্যাপী ফলদ-বৃক্ষ মেলা সফলভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

৫। উপজেলা প্রানিসম্পদ বিভাগ :

আলোচনাঃ উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, পশুর রোগ ব্যাধী কিছুটা কম, সরকারীভাবে পর্যাপ্ত ওষুধ মওজুদ আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে।

৬। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :

আলোচনাঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে।

৭। উপজেলা সমাজ সেবা বিভাগ :

আলোচনাঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সকল প্রকার ভাতা বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া তাঁদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে।

৮। উপজেলা মৎস্য বিভাগ :

আলোচনাঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জেলেদের নিবন্ধন কাজ শুরু করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

৯। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :

আলোচনা : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ১১ জুলাই'১২ খ্রিঃ বিশ্ব জনসংখ্যা দিবস কাণ্ডাই উপজেলায় সফলভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। কাণ্ডাই উপজেলায় জনসংখ্যা বৃদ্ধির হার ২.০০ এর কোটায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার সভাপতি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান।

১০। উপজেলা শিক্ষা বিভাগ :

আলোচনাঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, চিৎমরম ইউনিয়নের চংড়াছড়ি কমিউনিটি বিদ্যালয়টি ২০০৪ সন থেকে বন্ধ রয়েছে। উক্ত বিদ্যালয়টি একই ইউনিয়নের মইদং পাড়ায় স্থানান্তর করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : জমি দাতা পাওয়া গেলে বিদ্যালয়টি মইদং পাড়ায় স্থানান্তর করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করার জন্য